



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ৩০.১১.২০২১

বাংলা একাডেমির সভাপতি জাতীয় অধ্যাপক রফিকুল ইসলামের প্রয়াণে বাংলা একাডেমির শোকবাণী

আমরা গভীর শোক ও দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, বাংলা একাডেমির সম্মানিত সভাপতি, ফেলো, সাবেক মহাপরিচালক, বীর ভাষাসংগ্রামী, প্রখ্যাত নজরুল গবেষক ও জাতীয় অধ্যাপক রফিকুল ইসলাম আজ ৩০শে নভেম্বর ২০২১ মঙ্গলবার ঢাকায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। তাঁর প্রয়াণে বাংলা একাডেমি পরিবার শোকস্তব্ধ।

অধ্যাপক রফিকুল ইসলাম বাংলা ভাষা ও সাহিত্যের একজন অসাধারণ গবেষক। মহান ভাষা-আন্দোলনে তাঁর ভূমিকা ঐতিহাসিক। ভাষা-আন্দোলনের বহু মূল্যবান আলোকচিত্র তাঁর ক্যামেরায় ধারণ করা আছে। বাংলা ভাষা ও ব্যাকরণ চর্চা, ঢাকার ইতিহাস রচনা, মুক্তিযুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা, নজরুল গবেষণা এবং বঙ্গবন্ধু-চর্চায় তাঁর ভূমিকা অনন্যসাধারণ।

বাংলা একাডেমি পরিবারের তিনি ছিলেন একান্ত আপনজন। বাংলা একাডেমির প্রাক্তন মহাপরিচালক অধ্যাপক রফিকুল ইসলাম তাঁর কার্যকালে একাডেমির সার্বিক উন্নয়ন ও সমৃদ্ধিতে অবিঃস্মরণীয় অবদান রেখে গেছেন। বাংলা একাডেমি প্রণীত ও প্রকাশিত প্রমিত বাংলাভাষার ব্যাকরণ-এর তিনি ছিলেন অন্যতম সম্পাদক। বাংলা একাডেমি প্রণীত ও প্রকাশিত নজরুল রচনাবলী জন্মশতবর্ষ সংস্করণ-এর সম্পাদনা পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেন তিনি।

বাংলা একাডেমি জাতীয় অধ্যাপক রফিকুল ইসলামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি জ্ঞাপন করছে আন্তরিক সমবেদনা।

মুহম্মদ নূরুল হুদা
মহাপরিচালক